# বার্ষিক প্রতিবেদন

## ২০২১ - ২০২২

বিভাগীয় সমবায় কার্যালয়
রাজশাহী বিভাগ, রাজশাহী

### উপদেষ্টা

**মোহাঃ আব্দুল মজিদ**
বিভাগীয় যুগ্ম নিবন্ধক
বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী।

### সম্পাদনা পরিষদ

**মোঃ নূরুন্নবী**
উপ-নিবন্ধক (বিচার)
বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী।
**মোছাঃ শাহানা শিল্পী**
উপ-নিবন্ধক (প্রশাসন)
বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী।
**ইবনে জামান মাঃ ফয়জুল কবীর**
জেলা অডিটর
বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী।

### সংকলনে


সুশান্ত বর্মন, পরিদর্শক
মোঃ জাহিদ কাদের, পরিদর্শক
শরিফুল হক, হিসাব রক্ষক


### প্রকাশকাল

অক্টোবর ২০২২ খ্রিষ্টাব্দ

### প্রকাশনায়

বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী
সাধারন বীমা ভবন (৯ তলা), সিএন্ডবি মোড়, রাজশাহী।
ফোন: ০২৫৮৮-৮৫৫৫৪৬
website: www.coop.rajshahidiv.gov.bd
e-mail: jr_rajshahi@yahoo.com



"আমার দেশের প্রতিটি মানুষ খাদ্য পাবে, আশ্রয় পাবে, শিক্ষা পাবে, উন্নত জীবনের অধিকারী হবে- এই হচ্ছে আমার স্বপ্ন। এই পরিপ্রেক্ষিতে গণমুখী সমবায় আন্দোলনকে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে।"

**- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান**



"এটা পরীক্ষিত যে বহুমুখী গ্রাম সমবায় আমরা যদি গড়ে তুলতে পারি, বাংলাদেশে কোন দারিদ্র্য থাকবে না।"

**-মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা**



# সমবায় - সংগীত

-কাজী নজরুল ইসলাম

'ওরে নিপীড়িত, ওরে ভয়ে ভীত শিখে যা আয়রে, আয়।
দুঃখ জয়ের নবীনমন্ত্র- 'সমবায়, সমবায়!'
ক্ষুধার জ্বালায় মরেছি সুধার কলস থাকিতে ঘরে!
দারিদ্র্য, ঋণ, অভাবে জ্বলেছি না চিনে পরস্পরে!
মিলিত হইনি তাই আমাদের দুর্গতি ঘরে ঘরে!
সেই দুর্গতি-দুর্গ ভাঙিব সমবেত পদঘায়॥
মিলি পরমাণু পর্বত হয় সিন্ধু বিন্দু মিলে,
মানুষ শুধুই মিলিবে না কি রে মিলনের এ নিখিলে?
জগতে ছড়ানো বিপুল শক্তি কুড়াইয়া তিলে তিলে
আমরা গড়িব নতুন পৃথিবী সমবেত মহিমায়॥
দুর্ভিক্ষের, শোষণের আর পেষণের জাঁতাকলে
এক হয় নাই বলিয়া আমরা মরিয়াছি পলে পলে।
সকল দেশের সকল মানুষ আজি সহস্র দলে
মিলিয়াছি আসি - রবে না জগতে প্রবলের অন্যায়॥



বিভাগীয় কমিশনার
রাজশাহী বিভাগ, রাজশাহী

# বাণী

দেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে সমবায়ের অবদান তুলে ধরার জন্য সমবায় বিভাগ, রাজশাহী কর্তৃক বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২ প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আজন্ম স্বপ্ন ছিল একটি সুখী ও সমৃদ্ধ সোনার বাংলাদেশ গড়ার। তারই ধারাবাহিকতায় সরকারের 'ভিশন ২০৪১' বাস্তবায়নে সমবায় বিভাগ অগ্রণী ভূমিকা পালন করে আসছে। গ্রামীণ জনগোষ্ঠির দারিদ্র্য বিমোচন, আর্থ-সামাজিক উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি ও নারীর ক্ষমতায়নে সমবায় সমিতিগুলো গুরত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

এ প্রতিবেদনে সমবায় কার্যক্রমের পরিসংখ্যান হিসেবে সমবায় সমিতিগুলোর সংখ্যা, সদস্য, কার্যকরী মূলধন, ঋণ বিতরণ, আত্ম-কর্মসংস্থান সৃষ্টি, প্রশিক্ষণ, সরকারি রাজস্ব আদায়, মুনাফা ও লভ্যাংশ বিতরণের পাশাপাশি মাঠ পর্যায়ের বিভিন্ন সমবায় দপ্তরের কার্যক্রম ও প্রশিক্ষণ ইনস্টিটিউট এর মাধ্যমে সমবায়ীদের সক্ষমতা ও আয়বর্ধনমূলক কর্মকান্ড বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত প্রশিক্ষণ বিষয়ে বিস্তারিত পরিসংখ্যান তুলে ধরা হয়েছে।

গ্রামীণ অর্থনীতিকে সচল রাখতে অব্যাহতভাবে বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে দেশের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নে সমবায় বিভাগ কাজ করে যাচ্ছে এবং সক্রিয়ভাবে অবদান রেখে চলেছে। বিভিন্ন ভোগ্য ও ব্যবহার্য পণ্য উৎপাদন ও বিপণন ব্যবস্থা গড়ে তোলার মাধ্যমে আয়বৈষম্য দূরীকরণ ও জাতীয় অর্থনীতিকে শক্তিশালীকরণে দৃশ্যমান অবদান রাখছে সমবায়। জাতির পিতার সমবায় ভাবনার আলোকে **'বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন'** শ্লোগানটি ধারণ করে বঙ্গবন্ধুর কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ আরও এগিয়ে যাবে বলে আমি মনে করি।

প্রতিবেদনটি সমবায় বিভাগ, রাজশাহী এর কার্যক্রম প্রচারে অবদান রাখবে এবং সমবায় কর্মকান্ড সম্পর্কে জানতে আগ্রহী সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের নিকট সমাদৃত হবে বলে আমি বিশ্বাস করি। প্রতিবেদন প্রণয়নের জন্য তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও সম্পাদনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

(জি এস এম জাফরউল্লাহ্‌, এনডিসি)



যুগ্মনিবন্ধক
বিভাগীয় সমবায় কার্যালয়
রাজশাহী বিভাগ, রাজশাহী

# বাণী

সমবায় এমন একটি উন্নয়ন-পদ্ধতি যা সমাজের সকল শ্রেণির মানুষ নিজেদের সার্বিক উন্নয়নের জন্য সমানভাবে অনুসরণ করতে পারেন। বলা যায় এ হচ্ছে এক ধরনের সাম্যবাদী গণতান্ত্রিক উন্নয়ন মডেল। সমবায়ের মূল উদ্দেশ্য হচ্ছে আর্থ-সামাজিকভাবে শোষিত, বঞ্চিত ও পিছিয়ে পড়া জনশ্রেণিকে জমিদার- মহাজনদের মাত্রাতিরিক্ত শোষণ থেকে মুক্ত করা। তারই প্রেক্ষিতে সাধারণ মানুষের আর্থ-সামাজিক উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি, নারীর ক্ষমতায়ন ও দারিদ্র্য হ্রাসে সমবায় সমিতিগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এই বিভাগে ২০২০ সাল থেকে দায়িত্ব গ্রহণের পর সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রেখেছি। রাজশাহী বিভাগের সমবায় সমিতিসূমহ দেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে যে অবদান রাখছে তার একটি চিত্র তুলে ধরার জন্য বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২ প্রকাশিত হলো।

রাজশাহী বিভাগে বর্তমানে ২৯ প্রকারের সমবায় সমিতি রয়েছে। জুন, ২০২২ পর্যন্ত মোট সমিতির সংখ্যা ১২৬৪৫ টি যার সদস্য সংখ্যা ১৪.৮৭ লক্ষ। এর মধ্যে পুরুষ সদস্য ৯.৮৫ লক্ষ এবং মহিলা সদস্য ৫.০২ লক্ষ।

এ সকল সমবায় সমিতির বেশির ভাগই ক্ষুদ্র আয়ের জনগোষ্ঠির মাঝে ঋণ সুবিধা প্রদান করে দারিদ্র্য বিমোচন ও অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। তারই ফলস্বরুপ অত্র বিভাগের বেশ কিছু সংখ্যক সমবায় সমিতি জাতীয় পুরষ্কার প্রাপ্ত হয়। পাশাপাশি নারীর ক্ষমতায়নের লক্ষ্যে অত্র বিভাগের প্রতিটি উপজেলায় বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা সমবায় সমিতি গঠনের কার্যক্রম হাতে নেওয়া হয়েছে। নারীর ক্ষমতায়নের প্রেক্ষাপটে এবিভাগের প্রায় ৫৭৫ জন নারী সমবায়ীকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

জাতির পিতার সমবায় ভাবনার আলোকে "বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ের উন্নয়ন" শ্লোগানটি কাজে লাগিয়ে দেশ আরও এগিয়ে যাবে। তাঁর এ উন্নয়ন ভাবনাকে কাজে লাগিয়ে সমবায়ের মাধ্যমে সমাজের বৈষম্য দূর করে আর্থ-সামাজিক উন্নয়নের মাধ্যমে ২০৪১ সালের মধ্যে উন্নত বাংলাদেশ গড়া সম্ভব হবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

যে সকল সহকর্মী বার্ষিক প্রতিবেদন প্রস্তুতির কাজে বিভিন্নভাবে সহযোগিতা প্রদান করেছেন তাঁদের অশেষ ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানাচ্ছি। জয়তু সমবায়।

(মোহাঃ আব্দুল মজিদ)

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১ | প্রারম্ভিকা | ১-২ |
| ২ | প্রথম অধ্যায়<br>বিভাগীয় সমবায় কার্যালয়,রাজশাহী এর লক্ষ্য, উদ্দেশ্য ও সমিতির তথ্য | |
| ৩ | দ্বিতীয় অধ্যায়ঃ সমবায় খাতের অগ্রগতি | |
| ৪ | তৃতীয় অধ্যায়ঃ জাতীয় সমবায় পুরস্কার | |
| ৫ | চতুর্থ অধ্যায়ঃ প্রশিক্ষণ | |
| ৬ | পঞ্চম অধ্যায়ঃসফল সমবায় সমিতি | |
| ৭ | ষষ্ঠ অধ্যায়ঃ বিভিন্ন অনুষ্ঠান ও কার্যক্রমের চিত্র | |
| ৮ | সপ্তম অধ্যায়ঃ শুদ্ধাচার পুরস্কার ও যাদের হারিয়েছি | |

# বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন

## প্রারম্ভিকা

সমবায় এর আর্থ-সামাজিক দ্যোতনা বিচার করে বলা হয়ে থাকে 'সমবায় সমিতি হচ্ছে সদস্যদের জন্য, সদস্যদের দ্বারা এবং সদস্যদের কল্যাণে পরিচালিত সংগঠন। (A Cooperative Society is the organization of the cooperators, for the cooperators and by the cooperators). বাংলার কৃষককে সুদখোর মহাজনদের শোষন থেকে বাঁচানোর মহৎ উদ্দেশ্যে এ উপমহাদেশে ১৯০৪ সালে সমবায় আন্দোলনের আনুষ্ঠানিক যাত্রা শুরু|

বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী একটি পুরনো কার্যালয়। অত্র বিভাগের অধীনে ০৮টি জেলা সমবায় কার্যালয় ও ৬৭টি উপজেলা কার্যালয় রয়েছে। জেলা কার্যালয় সমূহ বিভিন্ন ভাড়া বাড়িতে তাদের কার্যক্রম পরিচালনা করছে। এছাড়া অত্র বিভাগীয় কার্যালয়টি রাজশাহীর প্রাণকেন্দ্র সি এন্ড বি মোড় সাধারণ বীমা ভবনের দশতলা বিল্ডিং এর ৯ম তলায় অবস্থিত।

বিভিন্ন চড়াই উৎরাই পেরিয়ে সময়ের প্রেক্ষাপটে কৃষির পাশাপাশি ক্ষুদ্র ব্যবসা, পরবিহন, পর্যটন, কুটিরশিল্প, আবাসন, মৎস্য, দুগ্ধ, সঞ্চয়-ঋণদান, সার্বিক গ্রাম উন্নয়ন, পানি ব্যবস্থাপনা, তাঁত শিল্প ইত্যাদি ৩৫ শ্রেণির বিভিন্ন খাতে সমবায় পদ্ধতির বিস্তার ঘটেছে। এ সুদীর্ঘ পথপরিক্রমার ইতিহাস থেকেই বুঝা যায় সমবায় পদ্ধতির গ্রহণযোগ্যতা রয়েছে এবং ভবিষ্যতে তা আরো বৃদ্ধি হতে থাকবে। স্বাধীনতার পর যুদ্ধবিদ্ধস্ত বাংলাদেশকে পূর্ণগঠনের জন্য সর্বকালের সর্বশ্রেষ্ট বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সমবায় পদ্ধতিকে গুরুত্ব দিয়েছিলেন। গ্রামীণ অর্থনীতির চাকা সচল করতে গ্রাম সমবায় গড়ার নির্দেশ প্রদান করেছিলেন। তিনি সমবায়ের মাধ্যমে স্বপ্নের সোনার বাংলা গড়তে চেয়েছিলেন। তাই সমবায়কে যথাযথ গুরুত্ব দিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের সংবিধানের ১৩(খ) অনুচ্ছেদে সমবায়কে সম্পদের মালিকানার ২য় খাত হিসেবে অর্ন্তভূক্ত করেছেন।

বর্তমানে দেশে মোট সমবায় সমিতির সংখ্যা ১,৯৬,৩১৬টি যার ব্যাক্তি সদস্য সংখ্যা ১,১৭,০৭,৫১৪ জন এবং মোট সম্পদের পরিমাণ প্রায় ৬৭৭৮.১৫ কোটি টাকা। রাজশাহী বিভাগে মোট সনমবায় সমিতির সংখ্যা ১২৬৪৫ টি সদস্য সংখ্যা ১৪.৮৭ লক্ষ জন মোট কার্যকরী মূলধনের পরিমাণ ৪৩১১০.৭ লক্ষ টাকা।

এ সকল সমবায় সমিতির বেশির ভাগই ক্ষুদ্র আয়ের জনগোষ্ঠীর মাঝে ঋণ সুবিধা প্রদান করে দারিদ্র্য বিমোচন ও অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে গুরত্বপূর্ণ অবদান রাখছে। অন্যদিকে কৃষিজাত শিল্পায়ন ও মৎস্যখাতের পাশাপাশি দুগ্ধখাতে সমবায়ের কার্যক্রম ক্রমেই বিস্তৃতি ঘটছে। দেশের পানি সম্পদের সুষ্ঠু ও টেকসই ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে পানি সম্পদ অবকাঠামো উন্নয়ন ও ব্যবস্থাপনায় সুফলভোগীদের সমম্বয়ে গড়ে উঠেছে ১৫৪টি পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অধীনে গঠিত পানি ব্যবস্থাপনা সমবায় সমিতিগুলো শক্তিশালীকরণে কিছু কার্যক্রম বাস্তবায়নে সমবায় অধিদপ্তর সহযোগী সরকারি প্রতিষ্ঠান হিসেবে কাজ করে যাচ্ছে। প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক বাস্তবায়নাধীন আশ্রয়ণ প্রকল্পের মাধ্যমে আশ্রয়হীন ও ভূমিহীন জনগোষ্ঠীকে ভূমি ও বাসস্থান বরাদ্দ করে দেশের জনশক্তির মূলধারায় সংযুক্ত করার প্রয়াসে গড়ে উঠেছে ২০০ আশ্রয়ণ প্রকল্পে ১৯৫টি আশ্রয়ণ সমবায় সমিতি। উল্লেখ্য যে, এ প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অগ্রাধিকার প্রকল্পের অন্যতম। আশ্রয়ণ প্রকল্পের অন্যতম প্রধান অংগ ক্ষুদ্র ঋণ কার্যক্রম সমবায় অধিপ্তরের সরাসরি তত্ত্বাবধানে পরিচালিত হয়। সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি গ্রামের সকল মানুষকে একত্রিত করে গ্রামের অনাবিষ্কৃত সম্ভাবনাগুলোকে উন্মোচন করে স্থানীয় সম্পদ সৃষ্টিতে উল্লেখযোগ্য অবদান রেখে চলেছে। পরিবহণ

খাতে সংশ্লিষ্ট সমবায় সমিতিগুলো পরিবহনসেবা প্রদানসহ দেশের বেকার সমস্যা সমাধানে অগ্রণী ভূমিকা পালন করছে। টেকসই পরিবেশ গড়তে সমবায়ের মাধ্যমে সামাজিক বনায়নকে জনপ্রিয় করে তোলা হয়েছে।

দেশের মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে রাজশাহী বিভাগের আওতাধীন ১টি আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনষ্টিটিউট, নওগাঁ এর মাধ্যমে সমবায়ীদের এবং সমবায় বিভাগ, রাজশাহীর কর্মচারিবৃন্দের দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। এছাড়া সমবায় অধিদপ্তরের প্রধান কার্যাবলীর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে সমবায় সমিতি আইন ও বিধিমালার আলোকে নতুন নতুন সমবায় সমিতি নিবন্ধন, নিবন্ধিত সমবায় সমিতিসমূহের পরিচর্যা, সমবায় সমিতির হিসাব নিরীক্ষণ, সমবায় সমিতির নির্বাচন, বিরোধ নিষ্পত্তি ইত্যাদি।

**সমবায়ের উন্নয়নে বর্তমান সরকারের গৃহীত পদক্ষেপঃ**

সমবায়ের মূল চালিকাশক্তি এর সদস্য, সদস্যদের সার্বিক উন্নয়নকল্পে বর্তমান সরকার গ্রহণ করেছে স্বল্প মেয়াদী ও দীর্ঘ মেয়াদী ব্যাপক কর্ম পরিকল্পনা। ইতোমধ্যে সমবায় সেক্টরের জন্য রাজস্ব বাজেট বৃদ্ধিকরণ, নতুন জনবল নিয়োগ, সকল পর্যায়ে সুয়োগ সুবিধা বৃদ্ধির পাশাপাশি ব্যাপকহারে সমবায়ীদের আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান এবং বিভিন্ন উন্নয়ন প্রকল্প বিশেষভাবে উল্লেখযোগ্য **(ক) 'উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন' শীর্ষক প্রকল্পঃ (খ) 'সমবায়ের মাধ্যমে ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর জীবন যাত্রার উন্নয়ন' শীর্ষক প্রকল্পঃ** ইত্যাদি বিভিন্ন উন্নয়ন প্রকল্পের মাধ্যমে আর্থিক ও উপকরণ সহায়তা প্রদানের ফলে সমবায় সেক্টরে দারিদ্র বিমোচনসহ সমবায়ীদের জীবনমানের উন্নয়ন সাধিত হচ্ছে। এছাড়া বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে সমবায়ের মাধ্যমে নারীর ক্ষমতায়নের লক্ষ্যে সমবায় অধিদপ্তরের আওতায় দেশের প্রতিটি উপজেলায় একটি করে **"বঙ্গমাতা মহিলা সমবায় সমিতি"** গঠনের কার্যক্রম হাতে নিয়েছে। সময়ের চাহিদা পূরণে ও সমবায়ীদের দাবীর পরিপ্রেক্ষিতে ২০২০ সালে সরকার সমবায় সমিতি বিধিমালা-২০০৪ সংশোধন করে সমবায় সমিতি বিধিমালা-২০০৪ (সংশোধন-২০২০) জারি করেছে। সমবায়ীদের চাহিদার পরিপ্রেক্ষিতে সরকার সমবায় সমিতি আইন, ২০০১(সংশোধন-২০০২ ও ২০১৩) এর অধিকতর সংশোধনের জন্য খসড়া আইন প্রণয়নের কাজ হাতে নিয়েছে।

**আর্থ-সামাজিক উন্নয়নে সমবায় খাতের ভূমিকাঃ**

**(১) কৃষি সমবায় লিঃ**
**(২) বাজারজাতকরণ সমবায় লিঃ**
**(৩) শিল্প সমবায় লিঃ**
**(৪) বাংলাদেশ জাতীয় সমবায় আঁখচাষী ফেডারেশন লিঃ**
**(৫) মৎস্যজীবি সমবায় লিঃ**
**(৬) মহিলা সমবায় লিঃ**
**(৭) পরিবহণ সমবায় লিঃ**
**(৮) গৃহায়ন সমবায় লিঃ**
**(৯) দুগ্ধ সমবায় লিঃ**
**(১০) সঞ্চয় ও ঋণদান সমবায় লিঃ**
**(১১) আশ্রয়ণ সমবায় লিঃ**
**(১২) পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ**

# ১ম অধ্যায়

## বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী

**১. বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহীর রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী**

**১.১ রূপকল্প:**

টেকসই সমবায়, টেকসই উন্নয়ন।

**১.২ অভিলক্ষ্য:**

সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কৃষি, অকৃষি, আর্থিক ও সবা খাতে টেকসই সমবায় গড়ে তোলা।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ:**

**১.৩.১ সমবায় অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ:**

১. উৎপাদন, আর্থিক ও সেবাখাতে টেকসই সমবায় গঠন;
২. দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সমবায়ের মানোন্নয়ন;
৩. মানসম্পন্ন ও নিরাপদ সমবায় পণ্য উৎপাদন ও প্রসার;
৪. দরিদ্র ও অনগ্রসর মহিলাদের সক্ষমতা বৃদ্ধি ও সম্পদের অধিকার অর্জনে কার্যক্রম গ্রহণ।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য:**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;
২. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন;
৩. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন;
৪. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন;

**১.৪ কার্যাবলী:**

১. সমবায় নীতিতে উদ্বুদ্ধকরণ ও নিবন্ধন প্রদান;
২. সমবায় নিরীক্ষা, পরিদর্শন ও তদারকির মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা করা;
৩. সমবায় অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারিদের প্রশিক্ষণ/উচ্চতর প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির মাধ্যমে পেশাগত মান বৃদ্ধি করা;
৪. সমবায় সদস্যবৃন্দকে প্রায়োগিক প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি এবং মূলধন সৃষ্টি ও আত্ম-কর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র্য হ্রাস করা;
৫. সমবায় নেটওয়ার্কিং জোরদার করার লক্ষ্যে সমবায় মূল্যবোধের প্রচার, প্রকাশনা, সেমিনার ও কর্মশালার আয়োজন করা;
৬. পুঁজি গঠন ও বিনিয়োগের মাধ্যমে মূলধন সৃষ্টি এবং সমবায় ভিত্তিক ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তোলা;
৭. সমবায় ভিত্তিক প্রকল্প ও কর্মসূচির মাধ্যমে গ্রামীণ মহিলাদের ক্ষমতায়ন আর্থ-সামাজিক উন্নয়ন;
৮. সমবায় পণ্য ব্রান্ডিং ও বাজার সংযোগ প্রতিষ্ঠা করা;
৯. অভিলক্ষ্য অর্জনে প্রয়োজনীয় নীতিমালা, উন্নয়ন কর্মসূচী এবং উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন করা।

**১.৫ রাজশাহী সমবায় বিভাগের লক্ষ্য এবং দায়িত্ব:**

১. সমবায় আন্দোলনের প্রশাসনিক এবং ব্যবস্থাপনা বিষয়ক নীতিপ্রণয়ন করা ;

২. নীতিমালার আলোকে প্রণীত সমবায় সমিতি আইন এবং বিধিমালার ব্যবহারিক প্রয়োগ তত্ত্বাবধান করা;

৩. সমবায় আন্দোলনকে বেগবান করার জন্য সরকার এবং অন্যান্য কর্তৃপক্ষকে করণীয় সম্পর্কে সুপারিশ বা প্রস্তাবনা প্রদান করা;

৪. সমবায় অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারী এবং সমবায় সমিতির সদস্য, ব্যবস্থাপনা কমিটির সদস্য, বেতনভুক্ত কর্মচারীদেরকে বিভিন্ন পদ্ধতি ও প্রতিষ্ঠানের মাধ্যমে সমবায় নীতিমালা ও এর প্রায়োগিক বিষয়ে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করা;

৫. সমবায় সমিতি আইন ও বিধিমালার যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করা সাপেক্ষে, মূলধন গঠন ও বিনিয়োগ,সঠিক ব্যবস্থাপনা, তহবিলের যথাযথ ব্যবহার করতঃ সমিতির স্বাভাবিক এবং আইনগত কার্যক্রম ও অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি পরিচালনার জন্য সমবায় সমিতি সংগঠন, নিবন্ধন এবং অডিট করা;

৬. যুগের চাহিদা মোতাবেক সমিতি পরিচালনার সুবিধার্থে সমবায় সমিতি আইন ও বিধিমালা সংশোধনের জন্য পরামর্শ প্রদান করা এবং নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তরের উপর অর্পিত বিধিবব্ধ দায়িত্ব পালন এবং ক্ষমতা প্রয়োগ করা;

৭. সমবায় সমিতির কার্যক্রম সম্পর্কে জরিপ, গবেষণা এবং কেস স্টাডি পরিচালনা করে ফলাফল এবং প্রতিবেদন প্রকাশ করা এবং সরকারের নিকট সুপারিশ পেশ করা;

৮. সরকারের অনুমোদনক্রমে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও তা বাস্তবায়ন করা ;

৯. রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, বিএডিসি ইত্যাদি সরকারি এবং স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের সহায়তায় প্লান্ট স্থাপন এবং পণ্য আমদানী রপ্তানীর জন্য ঋণ ও যন্ত্রপাতিসমূহ এবং সমবায় সমিতির জন্য অন্যান্য দ্রব্য ও প্রয়োজনীয় সেবার ব্যবস্থা করা।

১০. সমবায়ের প্রচার, প্রকাশনা ও সম্প্রসারণমূলক কর্মকাণ্ড পরিচালনা করা ; এবং

১১. দাপ্তরিক প্রশাসন পরিচালনা।

**১.৬ প্রশিক্ষণ প্রতিষ্ঠান:**

মানব সম্পদ উন্নয়নে সমবায় বিভাগ, রাজশাহী উল্লেখযোগ্য ভূমিকা পালন করে থাকে। এই বিভাগের মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ সমবায় একাডেমী ও ১টি আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, নওগাঁ এর মাধ্যমে বিভাগীয় কর্মকর্তা/কর্মচারী এবং সমবায়ীদের সমবায় ব্যবস্থাপনাসহ বিভিন্ন বিষয়ে দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান করে থাকে।

**১.৭ সমবায় দিবস:**

**আন্তর্জাতিক সমবায় দিবসঃ** জুলাই মাসের ১ম শনিবার

**জাতীয় সমবায় দিবসঃ** নভেম্বর মাসের ১ম শনিবার

**১.৮ সমবায় সমিতি সংক্রান্ত তথ্য:**

**১.৮.১ সমিতির স্তর বিন্যাস:** দেশের মোট সমবায় সমিতিসমূহ ৩টি স্তরে বিভক্ত-

ক. প্রাথমিক সমবায় সমিতি

খ. কেন্দ্রীয় সমবায় সমিতি

গ. জাতীয় সমবায় সমিতি

অপরদিকে সমিতি গঠনের উদ্যোগ, অর্থায়ন ও সেবা প্রদানের দৃষ্টিকোণ থেকে সমবায় সমিতিসমূহকে দু'ভাগে ভাগ করা যায়-

ক. সাধারণ সমবায় সমিতি

খ. বিআরডিবি সমর্থনপুষ্ট সমবায় সমিতি

**১.৮.২ সমিতির সংখ্যাঃ**

২০২০-২০২১ অর্থবছরের ৩০ জুন পর্যন্ত রাজশাহী বিভাগে মোট সমবায় সমিতির সংখ্যা ১২৬৪৫টি, যার শ্রেণী বিন্যাস নিম্নরূপঃ

| শ্রেণী | সংখ্যা |
|---|---|
| কেন্দ্রীয় | ১৭১টি |
| প্রাথমিক | ১২৪৭৪টি |
| মোট | ১২৬৪৫টি |

## ১.২ সমবায় বিভাগ, রাজশাহী এর সমবায় সমিতির মৌলিক তথ্য (২০২০-২০২১ অর্থ বছরের নিরীক্ষা প্রতিবেদন অনুযায়ী)

| জেলার নাম | সমবায় সমিতির সংখ্যা | | | | প্রাথমিক ও কেন্দ্রীয় সমবায় সমিতির সম্মিলিত তথ্য (লক্ষ টাকা/জন) | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কেন্দ্রীয় | | প্রাথমিক | মোট সমিতি সংখ্যা | সদস্য | কার্যকরী মুলধন | বিনিয়োগ | নিট লাভ | অডিট ফি | সিডিএফ | লভ্যাংশ বণ্টন | স্বকর্মসংস্থান /উদ্যোক্তা সৃজন |
| | বিভাগীয় | পউব | | | | | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| রাজশাহী | ৪ | ১৮ | ১২৩৩ | ১২৫১ | ১.৬১ | ৭৫৭৩.৫৯ | ৬০৫৮.৮৭ | ২৪৫.৩৩ | ৬.৪২ | ৭.৩৬ | ৩৭.৭৩ | ০.০০৯০৮ |
| চাঁপাইনবাবগঞ্জ | ৩ | ১০ | ১১৪৩ | ১১৫৬ | ১.০৯ | ২৮৪৪.৩৮ | ২২৭৫.৫০ | ১০৪.০০ | ৩.৯১ | ৩.১২ | ১২.৩২ | ০.০০৩২০ |
| নাটোর | ৫ | ১২ | ১০৯২ | ১১০৯ | ১.৬৫ | ৪৪৫৬.৫৯ | ৩৫৬৫.২৭ | ২১৯.০০ | ৫.২৭ | ৬.৫৭ | ৪১.৯৯ | ০.০০৯০০ |
| নওগাঁ | ৩ | ২২ | ২০৪৫ | ২০৭০ | ৩.২৪ | ৯৫৫৭.৭৪ | ৭৬৪৬.১৯ | ৩০৭.৩৩ | ১১.১৬ | ৯.২২ | ১২৩.০১ | ০.০১৪১১ |
| বগুড়া | ৬ | ১২ | ২৩০২ | ২৩২০ | ২.৩০ | ২০২০.৯৪ | ১৬১৬.৭৫ | ১৯২.০০ | ১০.২২ | ৫.৭৬ | ১২২.২৮ | ০.০১৬৭৫ |
| সিরাজগঞ্জ | ২৪ | ১৮ | ১৮৪৫ | ১৮৮৭ | ২.৪৪ | ৫৫১২.১৮ | ৪৪০৯.৭৪ | ১৫৯.৩৩ | ৭.২৩ | ৪.৭৮ | ৬৮.২৮ | ০.০১২৭৩ |
| পাবনা | ৭ | ১৮ | ২০২৪ | ২০৪৯ | ১.৯০ | ৬৮১৭.৫৬ | ৫৪৫৪.০৪ | ১৪৬.৩৩ | ৭.৩৮ | ৪.৩৯ | ২১.৫৬ | ০.০১৩৭৬ |
| জয়পুরহাট | ৪ | ৫ | ৭৯০ | ৭৯৯ | ০.৬৪ | ৪৩২৭.০৯ | ৩৪৬১.৬৭ | ১৭০.৩৩ | ৪.৭৯ | ৫.১১ | ৫৬.৬২ | ০.০০৫৪০ |
| সর্বমোট | ৫৬ | ১১৫ | ১২৪৭৪ | ১২৬৪৫ | ১৪.৮৭ | ৪৩১১০.০৭ | ৩৪৪৮৮.০৩ | ১৫৪৩.৬৫ | ৫৬.৩৮ | ৪৬.৩১ | ৪৮৩.৭৯ | ০.০৮৪০৩ |

৩.১ বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহীর প্রকল্পসমূহ

| প্রকল্পের নাম | সরকার হতে প্রাপ্ত অর্থের পরিমাণ (লক্ষ্য টাকায় | উপকারভোগীদের মাঝে প্রদত্ত অর্থের পরিমাণ (ক্রমপুঞ্জিভূত, লক্ষ্য টাকায়) | উপকারভোগীর সংখ্যা | আদায়ের হার (%) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| আশ্রয়ণ | ১৬২.৫০ | ৭০৫.২০ | ৩৫৬০ জন | ৮৭% |
| আশ্রয়ণ ফেইজ-২ | ৬৫৩.৬০ | ১৪১৫.৪৭ | ১৭২৪৪ জন | ৭৩% |
| আশ্রয়ণ-২ | ৩৩৪.৮০ | ২৮৯.৬০ | ৪৬৯০ জন | ৭০% |
| গাভী প্রকল্প | ০.০১৪৪ | ০.০২০৯৪ | ১২০০ জন | ৮৩% |
| ফ্যামিলি ওয়েলফেয়ার | ১.২০ | ১১.০৯ | ১২৬ জন | ১০০% |
| শক্তিশালীকরণ | ৩.১৫ | ২০.৬৪ | ১২৪ জন | |

**১.৮.৫ কর্মসংস্থান:**

এবিভাগের সমবায় সমিতির মাধ্যমে ২০২১-২০২২ অর্থবছরের ৩০ জুন পর্যন্ত সর্বমোট ৮৪৩০ জন লোকের প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কর্মসংস্থানের ব্যবস্থা করা সম্ভব হয়েছে।

**১.৮.৬ অডিট ফি ও সমবায় উন্নয়ন তহবিল আদায়:**

বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী সরকারি রাজস্ব (ননট্যাক্স) আয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। সমবায় সমিতি নিবন্ধনের সময় নিবন্ধন ফি আদায় করা হয়। অপরদিকে সমিতির অডিট কার্যক্রম সম্পন্ন করার পর সমিতি হতে সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধন ২০২০) এর ১০৭ বিধি অনুযায়ী নির্দিষ্ট হারে অডিট ফি আদায় করা হয়। ২০২১-২০২২ অর্থবছরে সমবায় অডিট ফি হিসেবে ৫৬.৩৮ লক্ষ টাকা এবং সমবায় উন্নয়ন তহবিল হিসেবে ৪৬.৩১ লক্ষ টাকা অর্থাৎ মোট ১০২.৬৯ লক্ষ টাকা রাজস্ব সরকারি কোষাগারে জমা হয়েছে।

**১.৮.৬ নিবন্ধন ফি বাবদ আদায়:**

অত্র বিভাগের আওতায় সমবায় সমিতি নিবন্ধন ফি বাবদ মোট **১,১৫,৪২৫/-** টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে।

**১.৮.৯ সমবায় সমিতির অডিট:**

বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী এর অন্যতম প্রধান কাজ হল নিবন্ধিত সমবায় সমিতির হিসাব ও কার্যক্রম অডিট করা হয়। এ অডিট কার্যক্রমের মাধ্যমে সমবায় সমিতির কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভব হয়। ২০২১-২২ অর্থ বছরে সমিতি অডিটের তথ্য নিম্নের ছকে দেখানো হলো।

| সমিতির শ্রেণি | অডিটযোগ্য সমিতির সংখ্যা | অডিটকৃত সমিতির সংখ্যা | অগ্রগতির হার (%) |
|---|---|---|---|
| কেন্দ্রীয় সমিতি | ১৬৭ | ১৬৭ | ১০০% |
| প্রাথমিক সমিতি | ১২,৮৬৩ | ১২,৮৬৩ | ১০০% |
| মোট | ১৩,০৩০ | ১৩,০৩০ | ১০০% |

**১.৮.১০ প্রচার ও প্রকাশনা কার্যক্রম:**

- ❖ সমবায়ের কার্যক্রম প্রচার ;
- ❖ সমবায় বিভাগ, রাজশাহীর অন্যান্য প্রকাশনা যেমন- বার্ষিক প্রতিবেদন, বুকলেট, পোষ্টার ইত্যাদি ;
- ❖ বিভিন্ন সেমিনার ও কর্মশালা আয়োজন ;
- ❖ জাতীয় ও আন্তর্জাতিক সমবায় দিবস উদযাপন ;
- ❖ জাতীয় সমবায় পুরস্কার সংক্রান্ত কার্যক্রম ;
- ❖ রেডিও ও টেলিভিশন সহ অন্যান্য গণ মাধ্যমের সাথে যোগাযোগ ও প্রচার সংক্রান্ত কাজ ;
- ❖ সমবায় সংক্রান্ত বিভিন্ন প্রদর্শনী যেমন- ডকুমেন্টারী প্রদর্শন, মেলা ইত্যাদির আয়োজন করা ;
- ❖ গ্রন্থাগার ব্যবস্থাপনা, বইপত্র, সাময়িকী সংগ্রহ ও সংরক্ষণ ;
- ❖ সমবায় কার্যক্রম এর প্রচার সংক্রান্ত ফটোগ্রাফিক কার্যক্রম;

**১.৯. ২০২১-২২অর্থ বছরে সমবায় অধিদপ্তরের উল্লেখযোগ্য কার্যক্রম:**

**১.৯.১. ৫০তম জাতীয় সমবায় দিবস উদযাপন:**

৬ নভেম্বর ২০২১ খ্রিঃ তারিখে ৫০তম জাতীয় সমবায় দিবস উপলক্ষ্যে সমবায় বিভাগ ও বিভাগীয় প্রশাসন, রাজশাহীর সার্বিক তত্ত্বাবধানে সমবায় অধিদপ্তর কর্তৃক আয়োজিত এক আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান শহীদ কামারুজ্জামান মিলনায়তন কেন্দ্রে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে জনাব এ এইচ এম খায়রুজ্জামান (লিটন), মাননীয় মেয়র, রাজশাহাহী সিটি কর্পোরেশন উপস্থিত থেকে দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ড. মোঃ হুমায়ুন কবীর, বিভাগীয় কমিশনার, রাজশাহী মহোদয়।

**১.৯.২ বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী কর্তৃক জাতির পিতার ৪৭তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন:**

১৫ আগষ্ট ২০২২ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন করা হয়। যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালন উপলক্ষে সমবায় বিভাগ, রাজশাহী নগরীর সিএন্ডবি, কাজীহাটায় স্থাপিত জাতির জনক বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে জনাব মোহাঃ আব্দুল মজিদ, যুগ্মনিবন্ধক এর নেতৃত্বে সকল স্তরের কর্মকর্তা/কর্মচারী ও সমবায়ীবৃন্দ পুষ্পস্তবক অর্পন করেন। পরে কার্যালয়ের কনফারেন্স রুমে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

**১.৯.৩ বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী কর্তৃক জাতির পিতার জন্মশত বার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন:**

১৭ মার্চ ২০২১ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন করা হয়। যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালন উপলক্ষে **বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী কর্তৃক** বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে যুগ্মনিবন্ধক জনাব মোহাঃ আব্দুল মজিদ এর নেতৃত্বে সকল কর্মকর্তা-কর্মচারি পুস্পস্তবক অর্পণ করেন। জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে কেক কাটা, আলোচনা সভা এবং দোয়া মাহফিলের আয়োজন করা হয়। উক্ত কেক কাটা, আলোচনা সভা এবং দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

### ১.৯.৪ সমবায় অধিদপ্তর কর্তৃক শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনঃ

**বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী কর্তৃক** ২১ ফ্রেব্রুয়ারি, ২০২১ শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন করা হয়। যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালন উপলক্ষে রাজশাহী বিভাগের যুগ্মনিবন্ধক জনাব মোহাঃ আব্দুল মজিদ এর নেতৃত্বে সকল কর্মকর্তা-কর্মচারি কেন্দ্রীয় শহীদ মিনারে পুস্পস্তবক অর্পণ করেন।

### ১.৯.৫ আন্তর্জাতিক নারী দিবস উদযাপনঃ

০৮ মার্চ, ২০২১ যথাযোগ্য মর্যাদায় আন্তর্জাতিক নারী দিবস পালন করা হয়। দিবসটি পালন উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত আলোচনা সভার প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন **বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী** যুগ্মনিবন্ধক জনাব মোহাঃ আব্দুল মজিদ। এছাড়াও উক্ত আলোচনা সভায় বক্তব্য রাখেন অত্র কার্যালয়ের বিভিন্ন শ্রেণির কর্মকর্তা ও কর্মচারিবৃন্দ।

### ১.৯.৭ সমবায় অধিদপ্তরে মহান বিজয় দিবস উদযাপনঃ

'মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে সমবায় ভবনে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের প্রধান অতিথি **বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহীর** যুগ্মনিবন্ধক জনাব মোহাঃ আব্দুল মজিদ। ১৬ ডিসেম্বর' ২০২০ মহান বিজয় দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়। এ উপলক্ষ্যে বিভাগীয় সমবায় কার্যালযের পক্ষ থেকে বিস্তারিত কর্মসূচি পালন করা হয়। কর্মসূচির মধ্যে ছিল সিএন্ডবি, কাজীহাটা, রাজশাহীতে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ, আলোচনা সভা ও দোয়া মাহফিল।

### ১.৯.৮ সমবায় অধিদপ্তর এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২১-২২):

**বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহীকে** উন্নয়নমুখী ও টেকসই করার জন্য অত্র কার্যালয় তার চলমান কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে বিগত তিন বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে। এর মধ্যে উদ্ভাবনী চর্চার মাধ্যমে নাগরিক সেবা সহজিকরণ, নতুন নতুন উৎপাদনমুখী সমবায় সংগঠন তৈরি, সমবায় উদ্যোক্তা সৃষ্টি।

সমবায়ের সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে অধিদপ্তরের কার্যক্রমে গতিশীলতা আনয়ন এবং সমিতি পরিদর্শন জোরদারকরণ করা হয়েছে এবং দিন দিন সমবায় সমিতির সংখ্যা এবং সদস্য সংখ্যা উত্তোরত্তর বৃদ্ধি পাচ্ছে।

সমবায়ের মাধ্যমে মহিলাদের সরাসরি ও বিকল্প কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক ও আর্থিক বৈষম্য হ্রাস এবং ক্ষমতায়নের জন্য প্রকল্প/কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন এবং নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর জন্য সমবায়ের মাধ্যমে নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর জীবনযাত্রার উন্নয়ন এবং সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়নে গৃহীত কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে।

# রাজশাহী বিভাগীয় সমবায় দপ্তরের বিভিন্ন পদের তালিকা

প্রথম শ্রেণী

| ক্রঃ নং | পদের নাম | অনুমোদিত জনবল | কর্মরত জনবল | শূন্য পদের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | যুগ্ম-নিবন্ধক | ১ | ১ | ০ |
| ২. | উপ-নিবন্ধক | ৩ | ২ | ১ |
| ৩. | সহকারী নিবন্ধক/জেলা সমবায় অফিসার | ১১ | ৭ | ৪ |
| | মোট= | ১৫ | ১০ | ০৫ |

২য় শ্রেণী

| ক্রঃ নং | পদের নাম | অনুমোদিত জনবল | কর্মরত জনবল | শূন্য পদের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | উপ-সহকারী নিবন্ধক | ৮ | ৮ | ০ |
| ২. | উপজেলা সমবায় কর্মকর্তা | ৬৭ | ৫৭ | ১০ |
| | মোট= | ৭৫ | ৬৫ | ১০ |

৩য় শ্রেণী

| ক্রঃ নং | পদের নাম | অনুমোদিত জনবল | কর্মরত জনবল | শূন্য পদের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | জেলা অডিটর | ১০ | ১০ | ০ |
| ২. | পরিদর্শক- | ৭৯ | ৭৪ | ০৫ |
| ৩. | মহিলা পরিদর্শক- | ০২ | ০২ | ০ |
| ৪. | প্রশিক্ষক- | ০৮ | ০৭ | ০১ |
| ৫. | সরেজমিনে তদন্তকারী | ০৮ | ০৮ | ০ |
| ৬. | তাঁত বিশেষজ্ঞ | ০২ | ০২ | ০ |
| ৭. | মহিলা সহঃ পরিদর্শক- | ০২ | ০২ | ০ |
| ৮. | সহকারী পরিদর্শক | ১৩৩ | ১১৫ | ১৮ |
| ৯. | সহকারী প্রশিক্ষক | ০৮ | ০৪ | ০৪ |
| ১০. | প্রধান সহকারী- | ০৬ | ০৬ | ০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১. | উচ্চমান সহকারী- | ০৫ | ০৫ | ০ |
| ১২. | সাট-মুদ্রাক্ষরিক কাম কম্পিঃ অপাঃ | ০১ | ০১ | ০ |
| ১৩. | হিসাব রক্ষক- | ০৯ | ০৯ | ০ |
| ১৪. | তাঁত তত্ত্বাবধায়ক | ০৬ | ০৪ | ০২ |
| ১৫. | অফিস সহকারী কাম কম্পিঃ অপাঃ | ৮৪ | ৩৬ | ৪৮ |
| ১৬. | ক্যাশিয়ার | ০৮ | ০৬ | ০২ |
| ১৭. | ফিল্ম অপারেটর- | ০১ | ০১ | ০ |
| ১৮. | গাড়ী চালক- | ০৭ | ০৪ | ০৩ |
| | মোট | ৩৭৯ | ২৯৬ | ৮৩ |

৪র্থ শ্রেণী

| ক্রঃ নং | পদের নাম | অনুমোদিত জনবল | কর্মরত জনবল | শূন্য পদের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | সহকারী ফিল্ম অপারেটর- | ০১ | ০১ | ০ |
| ২. | ক্যাশ সরকার | ০৮ | ০৭ | ০১ |
| ৩. | অফিস সহায়ক | ১৩৭ | ১০৬ | ৩১ |
| ৪. | নিরাপত্তা প্রহরী- | ০৯ | ০৯ | ০ |
| | মোট= | ১৫৫ | ১২৩ | ৩২ |

# ২য় অধ্যায়

## সমবায় খাতের অগ্রগতি

বাংলাদেশে সমবায়ের কার্যক্রম শতবর্ষ অতিক্রম করেছে। এ সুদীর্ঘ পথ পরিক্রমায় বিশ্ব অর্থনীতির সকল জোয়ার ভাটা সমবায়ের উপর দিয়ে প্রবাহিত হয়েছে। পুঁজিবাদের প্রবল দাপটে মাঝে মধ্যে সমবায়ের অবস্থা নাজুক হলেও এর ফলপ্রসূ কার্যকারিতা তাকে টিকিয়ে রেখেছে আর্থ-সামাজিক উন্নয়নের সার্বজনীন উপযোগী মাধ্যম হিসেবে। নতুন শতাব্দীতে সমবায় নতুন ভাবধারায় উজ্জীবিত হয়েছে। ফলে বিভিন্ন মাপকাঠিতে এর ক্রম অগ্রসরতা দৃশ্যমান হয়। অর্থনীতির এ খাতের সাফল্য পরিসংখ্যান এর নিয়মে পরিমাপ করা দুঃসাধ্য বিষয়। তবে কিছু নিয়ামক রয়েছে যার মাধ্যমে এর সফলতা ও ব্যর্থতার একটি ধারণা পাওয়া যেতে পারে। এ দেশে প্রাথমিক সমবায় সমিতির কার্যক্রমই সমবায় আন্দোলনের মূল চালিকা শক্তি। নিম্নে এরূপ প্রাথমিক সমবায় সমিতির কিছু নিয়ামক চিত্র তুলে ধরা হলঃ

**২.১ প্রাথমিক সমিতির সংখ্যা:** নতুন সহস্রাব্দে সমবায়ের কিছু নতুন মাত্রা যুক্ত হওয়ায় এর জনপ্রিয়তা বৃদ্ধি পেয়েছে। ফলে নতুন সমবায় সমিতি নিবন্ধনের প্রক্রিয়াও অব্যাহত রয়েছে। প্রতি বছরেই উল্লেখযোগ্য সংখ্যক সমবায় সমিতি নিবন্ধিত হচ্ছে। সমবায় অধিদপ্তরের সরাসরি তত্ত্বাবধানে গঠিত সমবায় সমিতির পাশাপাশি অন্যান্য সরকারি ও বেসরকারি সংস্থার উদ্যোগেও বিভিন্ন ক্যাটাগরির সমবায় সমিতি নিবন্ধিত হয়ে থাকে। বিশেষ করে প্রাথমিক সমবায় সমিতি সংগঠনের ধারা অন্যান্য সময়ের তুলনায় বর্তমানে অনেক বেশী।

**২.২ প্রাথমিক সমিতির সদস্য সংখ্যা:** উন্নয়ন কার্যক্রমে জনগণের অংশীদারিত্ব উন্নয়নের অন্যতম নির্দেশক। সমবায় নিম্নবিত্তের সংগঠন হিসেবে আবির্ভূত হলেও বর্তমানে শ্রেণীর বিপুল সংখ্যক জনগোষ্ঠী সমবায়কে আর্থ সামাজিক উন্নতির একটি পরীক্ষিত কৌশল হিসেবে বেছে নিয়েছে। সমবায় শুধু অর্থনৈতিক উন্নয়নই নয় পাশাপাশি সামাজিক উন্নয়নেও বিশেষ অবদান রেখে থাকে। প্রতিবেদনাধীন বছরের জুন ২০২২ পর্যন্ত সমবায় সমিতির ব্যক্তি সদস্য সংখ্যা দাঁড়িয়েছে ১৪.৮৭ লক্ষ জন। বিগত ২০২০-২০২১ সালের তুলনায় এ বছর সদস্য সংখ্যা বৃদ্ধি পেয়েছে।

**২.৩ শেয়ার মূলধন:** দরিদ্র জনগোষ্ঠীর ক্ষুদ্র পুঁজির সমন্বয় ঘটিয়ে বৃহৎ মূলধন তৈরী এবং উক্ত মূলধন বিনিয়োগ করে অর্থনৈতিক কর্মকান্ড বৃদ্ধি করাই হচ্ছে সমবায়ের লক্ষ্য অর্জনের মূল কৌশল। যার প্রধান উৎস হল সদস্যদের নিকট বিক্রিত শেয়ার। অত্র বিভাগের সমবায় সমিতির মোট শেয়ার হচ্ছে ২০০৪৫.৮৩ লক্ষ টাকা।

**২.৪ সঞ্চয় আমানত:** সমবায় সমিতির মূলধন গঠনে শেয়ারের পরে সঞ্চয়ের ভূমিকা উল্লেখযোগ্য। সদস্যরা নির্দিষ্ট হারে সমিতিতে সঞ্চয় জমা করে তা লাভজনক ব্যবসায়ে বিনিয়োগ করে থাকে। ২০২১-২০২২ অর্থ বছরে সঞ্চয় আমানত এর পরিমাণ দাঁড়িয়েছে টাকা (চিত্র-৫) । সমিতি প্রতি সঞ্চয় আমানতের পরিমাণ ৩৩২২১.৮০ লক্ষ টাকা।

**২.৫ সংরক্ষিত তহবিল তহবিল:** সমবায় সমিতিগুলোর নীট লাভ থেকে নির্দিষ্ট হারে বিভাজনের মাধ্যমে উল্লেখযোগ্য পরিমাণ অর্থ সংরক্ষিত তহবিল ও অন্যান্য তহবিলে জমা হয়ে থাকে। এ তহবিল সমিতির মূলধন হিসেবে গণ্য হয়। ২০২১-২০২২ অর্থ বছরে প্রাথমিক সমবায় সমিতিগুলোর সংরক্ষিত তহবিলের পরিমাণ দাঁড়িয়েছে ৮৩৩৫.০৮ লক্ষ টাকা ।

**২.৬ কার্যকরী মূলধন:** সমবায় সমিতির শেয়ার মূলধন, সঞ্চয় আমানত ও সংরক্ষিত তহবিল সমবায় সমিতির কার্যকরী মূলধনের উল্লেখযোগ্য অংশ গঠন করে থাকে। জুন, ২০২২ নাগাদ প্রাথমিক সমবায় সমিতিসমূহের কার্যকরী মূলধনের পরিমাণ দাঁড়িয়েছে ৪৩১১০.০৭ লক্ষ টাকা। ২০২০-২০২১ অর্থ বছরের তুলনায় এ বছর কার্যকরী মূলধনের পরিমান বৃদ্ধি পেয়েছে।

**২.৭ বিনিয়োগ:** ২০২১-২০২২ অর্থ বছরে প্রাথমিক সমবায় সমিতিগুলো বিভিন্ন আর্থিক কর্মকান্ডে প্রায় ১৪৪৮৮.০৩ লক্ষ টাকা বিনিয়োগ করেছে । ২০২০-২১ অর্থ বছরের তুলনায় এ বছর বিনিয়োগ বৃদ্ধি পেয়েছে।

**২.১১ লভ্যাংশ বিতরণ:** করোনা মহামারি জনিত অর্থনৈতিক মন্দা সত্ত্বেও প্রতিবেদনাধীন বছরে প্রাথমিক সমবায় সমিতি তার শেয়ারহোল্ডারগণের মধ্যে ৪৮৩.৭৯ লক্ষ টাকা লভ্যাংশ বিতরণ করেছে।

# ৩য় অধ্যায়

## জাতীয় সমবায় পুরস্কার-২০২০ এর তথ্য ও চিত্র

